

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বাংলাদেশ সাসটেইনেবল রিকভারি, এমারজেন্সি প্রিপেয়ার্ডনেস এন্ড
রেসপন্স প্রজেক্ট (বি-স্ট্রং) (ডিডিএম পার্ট)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০০.০৪৯.১৪.০০৪০.২৬-২৭২

তারিখ: ০৩/০৬/২০২৬ খ্রি.


Rescue Boat ক্রয় সংক্রান্ত
প্রাক-ক্রয় সভার (Pre-Procurement Conference) বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল অংশীজনকে অবহিত করা যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “Bangladesh Sustainable Recovery, Emergency Preparedness and Response Project (B-STRONG) (DDM Part)” শীর্ষক প্রকল্পের আওতায় বিশ্বব্যাংকের অর্থায়নে ৩টি প্যাকেজের মাধ্যমে ৩৭০টি Rescue Boat ক্রয়ের পরিকল্পনা রয়েছে। এ উদ্দেশ্যে নিরূপিত চাহিদার বিপরীতে বিদ্যমান বাজার পরিস্থিতি, সম্ভাব্য ক্রয় ঝুঁকি, বিনির্দেশের উৎকর্ষতার বিশ্লেষণ, স্থানীয় ইকনোমিক অপারেটরদের সক্ষমতা ইত্যাদি বিষয়াদি বিবেচনায় নিয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি ২৪ মোতাবেক একটি উপযুক্ত ক্রয়কৌশল প্রণয়নের লক্ষ্যে প্রকল্প কর্তৃপক্ষ প্রারম্ভিক বাজার সম্পৃক্ততার (Early Market Engagement-EME) উদ্যোগ গ্রহণ করেছে।

০২। উপর্যুক্ত লক্ষ্যকে বিবেচনায় নিয়ে ক্রয়কার্যে দক্ষতা, টেকসইতা এবং অর্থের সর্বোত্তম ব্যবহার (Value for Money) নিশ্চিত করণার্থে সংশ্লিষ্ট অংশীজনদের সমন্বয়ে আগামী ১৮ জুন, ২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় প্রকল্প অফিস কক্ষে (কক্ষ নং-৭০২) একটি প্রাক-ক্রয় সভার (Pre-Procurement Conference) আয়োজন করা হয়েছে। উক্ত সভায় বর্ণিত Rescue Boat সংক্রান্ত প্রাথমিক তথ্য উপস্থাপন করা হবে এবং সরকারি ও বেসরকারি খাতে নিয়োজিত আগ্রহী ও সংশ্লিষ্ট ইকনোমিক অপারেটর, সরবরাহকারীর নিকট হতে এ বিষয়ে মতামত গ্রহণ করা হবে।

০৩। উক্ত প্রাক-ক্রয় সভায় অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহকে আগামী ১৭ জুন, ২০২৬ তারিখের মধ্যে বর্ণিত ই-মেইল: pdddm.bstrong@gmail.com-এ আগ্রহ ব্যক্ত করে ইমেইল প্রেরণের মাধ্যমে প্রাক-নিবন্ধন সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, সভায় অংশগ্রহণের জন্য কোনো নিবন্ধন ফি প্রয়োজন হবে না এবং অংশগ্রহণকারীগণকে কোনো প্রকার ফি বা সম্মানি প্রদান করা হবে না। বেসরকারি খাতের উদ্যোক্তাগণ উক্ত প্রয়াশকে ভবিষ্যৎ ব্যবসায়িক সম্ভাবনা অন্বেষণের পাশাপাশি দেশের উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার একটি সুযোগ হিসেবে বিবেচনা করতে পারেন।

০৪। কর্তৃপক্ষ যে কোনো বা সকল আগ্রহব্যক্তকরণ অনুরোধ গ্রহণ না করার কিংবা প্রাক-ক্রয় সভা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।


(দয়ানন্দ দেবনাথ)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
বি-স্ট্রং (ডিডিএম পার্ট) প্রকল্প

ই-মেইল: pdddm.bstrong@gmail.com